Seen
27/10/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সর্দর, মৌলভীবাজার।
(www.moulvibazarsadar.moulvibazar.gov.bd)

০২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ

স্মারকনং:-০৫.৪৬.৫৮৭৪.০০৬.০১.০১০.১৫-৮৬৩৮ তারিখ:-----------------------
১৮ অক্টোবর ২০২০খ্রি.

বিষয় : উপজেলা পর্যায়ে ৫ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন সংক্রান্ত।

সূত্র : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা এর স্মারক নং ৩৯.০৩.০০০০.০০৬.৩৫.০০১.১৭-২০২৩, তারিখ : ৩০/০৯/২০২০ খ্রি.

উর্পযুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সর্বস্তরে বিজ্ঞান অনুরাগ ও বিজ্ঞান সচেতনতা সৃষ্টি এবং শিশু, কিশোর ও তরুণদের বিজ্ঞানমুখী করার লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর অর্থায়নে উপজেলা পর্যায়ে ৫ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড মৌলভীবাজার সদর উপজেলায় আগামী ২৮ অক্টোবর ২০২০খ্রি. তারিখ সকাল ১০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মৌলভীবাজার সদর এ অনুষ্ঠিত হবে।

উক্ত বিজ্ঞান অলিম্পিয়াডে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর,মৌলভীবাজার
ফোন-০৮৬১-৬৩৭৫৪
E-mail : unomoulvibazar@mopa.gov.bd

প্রাপক:

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার সদর। (উপজেলা পর্যায়ের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ)

০২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার---------------------------------------------------কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা।

অনুলিপি : মহোদয়ের সদয় অবগতির জন্য

০১। মহাপরিচালক,জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর।

৭. জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের নিয়মাবলী:

ক. উপজেলা পর্যায়ে '............তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড' শিরোনামে বিজ্ঞান মেলার দ্বিতীয় দিনে বিজ্ঞান মেলা ও অন্যান্য আয়োজনের সাথে বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করতে হবে;

খ. উপজেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে উপজেলার অন্তর্গত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীগণ অংশগ্রহণ করতে পারবে। মাধ্যমিক ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জুনিয়র গ্রুপ এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সিনিয়র গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। প্রত্যেক গ্রুপে প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনধিক ৫(পাঁচ) জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। উপজেলা নির্বাহী অফিসারগণ বিজ্ঞান অলিম্পিয়াডে যাতে উপজেলার অন্তর্গত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

গ. উপজেলা নির্বাহী অফিসারগণ বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের জন্য উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন কমিটির সদস্যবৃন্দের মধ্য থেকে অথবা অন্যান্য কর্মকর্তা বা বিশিষ্ট জনের মধ্য থেকে একটি বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন উপ-কমিটি গঠন করবেন;

ঘ. বিজ্ঞান অলিম্পিয়াডে একটি পরীক্ষার মাধ্যমে মেধা যাচাই করতে হবে। পরীক্ষা এমনভাবে আয়োজন করতে হবে, যাতে অংশগ্রহণকারীগণ এক শব্দে বা এক লাইনে উত্তর দিতে পারে। পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং আইসিটি বিষয়ে ১০০টি (সকল বিষয় সমহারে) প্রশ্ন থাকবে। প্রশ্নপত্র তৈরির জন্য ঐ সকল বিষয়ের অভিজ্ঞ শিক্ষকদের সমন্বয়ে সিনিয়র ও জুনিয়র গ্রুপের জন্য দুটি প্রশ্নপত্র প্রণয়ন উপ-কমিটি গঠন করতে হবে। প্রশ্নপত্র মডারেশনের জন্য দুইজন মডারেটর মনোনয়ন দিতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য দুইটি বিচারক মন্ডলী গঠন করতে হবে। প্রশ্নপত্র প্রণয়নে সর্বোচ্চ গোপনীয়তা অনুসরণ করতে হবে;

ঙ. উপজেলা/জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডের পরীক্ষার পর উত্তরপত্র মূল্যায়নের সময়ে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ শিক্ষকদের নিয়ে একটি সভার আয়োজন করতে হবে। অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিযোগিরা উক্ত সভায় উপস্থিত থাকবেন। বিশেষজ্ঞ শিক্ষকগণ প্রতিযোগিদের সাথে বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন এবং মুক্ত আলোচনা পর্বে প্রতিযোগিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন;

চ. প্রতিটি গ্রুপে ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণ জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবেন;

ছ. জেলা পর্যায়ে বিজ্ঞান মেলার তৃতীয় দিনে মেলাস্থলে "জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড" শিরোনামে বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করতে হবে;

জ. জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা যথাক্রমে জুনিয়র ও সিনিয়র গ্রুপ হিসেবে অংশগ্রহণ করবে। পরবর্তীতে চূড়ান্ত আয়োজনে উপজেলায় অনুষ্ঠিত বিজ্ঞান অলিম্পিয়াডে জুনিয়র ও সিনিয়র গ্রুপে ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণ এবং তাছাড়া জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিগ্রুপের জন্য প্রাক-বাছাইকৃত প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৫ (পাঁচ) জন করে শিক্ষার্থী বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবে;

ঞ. জেলা প্রশাসকগণ বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের জন্য জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটির সদস্যবৃন্দের মধ্য থেকে অথবা উপযুক্ত কর্মকর্তা ও বিশিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন উপ-কমিটি গঠন করবেন;

ট. বিজ্ঞান অলিম্পিয়াডে একটি পরীক্ষার মাধ্যমে মেধা যাচাই করতে হবে। পরীক্ষা এমনভাবে আয়োজন করতে হবে, যাতে অংশগ্রহণকারীগণ এক শব্দে বা এক লাইনে উত্তর দিতে পারে। পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং আইসিটি বিষয়ে ১০০টি (সকল বিষয় সমহারে) প্রশ্ন থাকবে। প্রশ্নপত্র তৈরির জন্য ঐ সকল বিষয়ের অভিজ্ঞ শিক্ষকদের সমন্বয়ে সিনিয়র ও জুনিয়র গ্রুপের জন্য দুইটি প্রশ্নপত্র প্রণয়ন উপ-কমিটি গঠন করতে হবে। প্রশ্নপত্র মডারেশনের জন্য দুইজন মডারেটর মনোনয়ন দিতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য দুইটি বিচারক মন্ডলী গঠন করতে হবে;

ঠ. জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াড পরীক্ষার পরে উত্তরপত্র মূল্যায়নের সময়ে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ শিক্ষকদের নিয়ে একটি সভার আয়োজন করতে হবে। বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিযোগিরা উক্ত সভায় উপস্থিত থাকবেন। বিশেষজ্ঞ শিক্ষকগণ প্রতিযোগিদের সাথে বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন এবং মুক্ত আলোচনা পর্বে প্রতিযোগিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন;

ড. প্রতিটি গ্রুপ থেকে ১ম ৫ (পাঁচ) জনকে পুরস্কার প্রদান করতে হবে তবে কেবল ১ম ও ২য় স্থান অধিকারীগণ ঢাকায় অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবেন; কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে বিজয়ী প্রতিগ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করা হবে। বিদেশগামী টিমের সাথে সেরা আয়োজকদের মধ্য থেকে একজন উপজেলা নির্বাহী অফিসার ও প্রতি গ্রুপ থেকে প্রথম স্থান অধিকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রেরণ করা হবে।

৮. উপজেলা ও জেলা পর্যায়ের এ কর্মসূচির আওতায় আলোচনা সভা, বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড ছাড়াও বিতর্ক, বিজ্ঞান ভিত্তিক উপস্থিত বক্তৃতা, প্রকল্প উপস্থাপন/সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন করা যেতে পারে।